দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 MAY 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৮ ...

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের একাউন্ট খুলে জানাতে হবে

গত জানুয়ারি '৯৫ হতে রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকগণকে স্থানীয় ব্যাংকে তাঁদের নিজ নিজ হিসাব নম্বরের মাধ্যমে অনুদানের অর্থ প্রদান করা হচ্ছে। নব প্রবর্তিত এই প্রক্রিয়ায় শিক্ষকগণ সহজে ব্যাংক হতে অনুদানের অর্থ উত্তোলন করতে পারছেন। কিন্তু এখন পর্যন্ত বিভিন্ন থানা হতে বেশ কিছুসংখ্যক শিক্ষকের হিসাব নম্বর না পাওয়ার কারণে তাদের নামে টাকা প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

বর্তমান অর্থবছরে অনুদানের অর্থ অবিলম্বে ছাড় করার নিমিত্তে অনুদানভুক্ত যেসব শিক্ষকের ব্যাংক হিসাব এখনও ইউনিটে পাঠানো হয়নি এবং অনুদান প্রদানের জন্য জেলা বাছাই কমিটি কর্তৃক যেসব শিক্ষকের নাম সুপারিশ করা হয়েছে তাদের নামে ব্যাংক হিসাব খুলে তার বিবরণ আগামী ২৫ মে '৯৫ -এর মধ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।